



জরুরি বিজ্ঞপ্তি

নং- ঢাশিবো/বি/৫১২/বি-১/সাধারণ/২৪৬২

তারিখ : ১০/০৬/২০২০ খ্রিঃ

বিষয় : এডহক কমিটি গঠনের অনুমতি গ্রহণ ও পূর্ণাঙ্গ এডহক কমিটি অনুমোদন নেয়া প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে অত্র বোর্ডের আওতাধীন নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরে অনুমোদিত এবং স্বীকৃতিপ্রাপ্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দেশে মারাত্মক করোনা সংক্রমণ পরিস্থিতি বিরাজমান থাকার কারণে সকল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রয়েছে। ফলে এই সময়ে যে সমস্ত প্রতিষ্ঠানে ম্যানেজিং কমিটি বা ক্ষেত্রমতে গভর্নিংবডির মেয়াদ উত্তীর্ণ হয়েছে বা যারা ইতিপূর্বে নির্বাচনী তফসিল ঘোষণার পরও নির্বাচন করতে পারেনি বা নির্বাচন স্থগিত রয়েছে বা কমিটির মেয়াদ শেষ পর্যায়ে এবং অবশিষ্ট মেয়াদের মধ্যে নির্বাচন করা সম্ভব নহে ফলে সেসকল শিক্ষা প্রতিষ্ঠানসমূহ সুষ্ঠুভাবে পরিচালনার জন্য প্রবিধানমালা ২০০৯ এর প্রবিধি ৩৯ মোতাবেক এডহক কমিটি গঠনের অনুমতি গ্রহণ করে এডহক কমিটি অনুমোদনের প্রস্তাব অনলাইনে দাখিলের জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে



মোহাম্মদ আবুল মনসুর ভূঞা

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা

প্রাপক: অধ্যক্ষ/প্রধান শিক্ষক
বোর্ডের আওতাধীন অনুমোদিত
সকল শিক্ষা প্রতিষ্ঠান।

অনুলিপি ও কার্যার্থে :

- ১। জেলা প্রশাসক (সংশ্লিষ্ট সকল)।
- ২। উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট সকল)।
- ৩। জেলা শিক্ষা অফিসার (সংশ্লিষ্ট সকল)।
- ৪। ম্যানেজার, সংশ্লিষ্ট ব্যাংক।